

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

(আড্যন্তরীণ সম্পদ বিভাগ)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই জ্যৈষ্ঠ, ১৩৯৫/১লা জুন, ১৯৮৮

নং এস.আর.ও ১২৪-আইন/৮৮/১৭২-আবগারী-গ্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী আইন, ১৯৮৮ (১৯৮৮ সালের ১ নং আইন) এর ধারা ৩এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা গ্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী আদায় বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। সারচার্জ আরোপ ও আদায়।—গ্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী আইন, ১৯৮৮ (১৯৮৮ সালের ১ নং আইন) এর প্রথম তফসিলের—

(ক) ক্রমিক নং ১এ উল্লিখিত আয়ের উপর আরোপণীয় ও আদায়যোগ্য সারচার্জ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর বিধান মোতাবেক আরোপ ও আদায় করা হইবে এবং উক্ত Ordinance এর বিধান ও উহার অধীন প্রণীত বিধিতে বিধৃত পদ্ধতিতে উহা সংগৃহীত হইবে;

(খ) ক্রমিক নং ২এ উল্লিখিত—

(১) Narcotics ও Liquor এর উপর আরোপণীয় ও আদায়যোগ্য সারচার্জ Excise Act, 1909 (Ben. Act V of 1909) এর বিধান মোতাবেক আরোপ ও আদায় করা হইবে এবং উক্ত Act এর বিধান ও উহার অধীন প্রণীত বিধিতে বিধৃত পদ্ধতিতে উহা সংগৃহীত হইবে; এবং

(৭৬৪৫)

মুদ্রাঃ ৩০ পরসো

- (২) সিগারেট, সিনেমা, হোটেল, রেস্টোরাঁ ও হালকা পানীয় (beverage) এর উপর আরোপণীয় ও আদায়যোগ্য সারচার্জ Excises and Salt Act, 1944 (I of 1944) এর বিধান মোতাবেক আরোপ ও আদায় করা হইবে এবং উক্ত Act এর বিধান ও উহার অধীন প্রণীত বিধিতে বিধৃত পদ্ধতিতে উহা সংগৃহীত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস. এম. আকরাম

অতিরিক্ত সচিব।